



# BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector 17, Uttara, Dhaka-1230, Tel.: 09638012345  
Email : info@bgmea.com.bd, Website : www.bgmea.com.bd

Ref: বিজ্ঞপ্তি নং: বিজিএ/কাস/২০২০/৮৫

তাং ২৭/০৫/২০২০ইং

## সম্মানিত সকল সদস্যের জন্য

এতদ্বারা সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাসের প্রাদুর্ভাব প্রতিরোধ করার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ৩০ মে ২০২০ পর্যন্ত সাধারণ ছুটি ঘোষণা করার ফলে অনেক প্রতিষ্ঠানই যথাসময়ে মুসক সংক্রান্ত দাখিলপত্র পেশ করতে পারেন নি। বৈশ্বিক এই মহামারীর আপদকালীন সময়ে যে সকল প্রতিষ্ঠান শুধুমাত্র মার্চ ও এপ্রিল, ২০২০ কর মেয়াদের মুসক দাখিলপত্র যথাসময়ে পেশ করতে পারেন নি সে সকল প্রতিষ্ঠানের মুসক দাখিলপত্র পেশ করার সময়সীমা ০৯ জুন, ২০২০ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। উল্লেখিত সময়ের মধ্যে মুসক দাখিলপত্র পেশের ক্ষেত্রে জরিমানা ও সুদ থেকে অব্যাহতি দেয়া হয়েছে।

এ বিষয়ে ২৬ মে, ২০২০ তারিখে জাতীয় রাজস্ব বোর্ড এর জারীকৃত বিশেষ আদেশ নং ১৩/মুসক/২০২০ আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

মেজর মোঃ রফিকুল ইসলাম (অবঃ)

ভারপ্রাপ্ত সচিব

[ বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

[ মূল্য সংযোজন কর ]

বিশেষ আদেশ

বিশেষ আদেশ নং-১৩/মুসক/২০২০

তারিখঃ ১২ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ  
২৬ মে, ২০২০ খ্রিস্টাব্দ


বিষয়ঃ করোনা ভাইরাস (COVID-19) প্রাদুর্ভাব প্রতিরোধে সরকার কর্তৃক ঘোষিত সাধারণ ছুটির কারণে জরিমানা ও সুদ আরোপ ব্যতীত মার্চ ও এপ্রিল, ২০২০ করমেয়াদের ভ্যাট রিটার্ন দাখিলের সময়সীমা বর্ধিতকরণ।

যেহেতু, সাম্প্রতিক সময়ে করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাব প্রতিরোধে সরকার কর্তৃক আগামী ৩০ মে, ২০২০ খ্রিস্টাব্দ পর্যন্ত সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে এবং যেহেতু, এ পরিস্থিতিতে দেশের অধিকাংশ ব্যবসা প্রতিষ্ঠান মার্চ ও এপ্রিল, ২০২০ করমেয়াদের রিটার্ন যথাসময়ে দাখিল করতে পারেন নি; এবং

যেহেতু, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৬৪ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪৭ এর উপ-বিধি (১) অনুযায়ী প্রত্যেক নিবন্ধিত ব্যক্তিকে ফরম মুসক ৯.১ এর মাধ্যমে প্রত্যেক কর মেয়াদের জন্য মেয়াদ সমাপ্তির অনধিক ১৫ দিনের মধ্যে মূল্য সংযোজন কর দাখিলপত্র প্রদানের বাধ্যবাধকতা রয়েছে। এছাড়া, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৮৫ এর উপ-ধারা (১) অনুযায়ী নির্ধারিত তারিখের মধ্যে মুসক বা টার্নওভার কর দাখিলপত্র পেশ না করার ব্যর্থতা বা অনিয়মের ক্ষেত্রে ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানার বিধান রয়েছে। এছাড়া, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১২৭ অনুযায়ী কোন করদাতা নির্ধারিত তারিখের মধ্যে কমিশনারের নিকট প্রদেয় কর পরিশোধে ব্যর্থ হলে নির্ধারিত তারিখের পরবর্তী দিন হতে পরিশোধের দিন পর্যন্ত প্রদেয় করের পরিমাণের উপর মাসিক ২ (দুই) শতাংশ সরল হারে সুদ পরিশোধের বিধান রয়েছে;

সেহেতু, জনস্বার্থে জাতীয় রাজস্ব বোর্ড, অধ্যাদেশ নং-০২/২০২০ মারফত জারীকৃত মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ৬৪ এর উপ-ধারা (১ক) ও (১খ) এ প্রদত্ত ক্ষমতাবলে, বৈশ্বিক এ আপদকালীন সময়ে যে সকল প্রতিষ্ঠান শুধুমাত্র মার্চ ও এপ্রিল, ২০২০ কর মেয়াদের দাখিলপত্র যথাসময়ে পেশ করেনি সে সকল প্রতিষ্ঠানের দাখিলপত্র পেশের সময়সীমা ০৯ জুন, ২০২০ পর্যন্ত বর্ধিত করলো। উল্লিখিত সময়ের মধ্যে দাখিলপত্র পেশের ক্ষেত্রে জরিমানা ও সুদ প্রদানের বাধ্যবাধকতা হতে এতদ্বারা অব্যাহতি প্রদান করা হলো।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

  
(মোঃ মাসুদ সাদিক)  
সদস্য (মুসক নীতি)

প্রাপকঃ উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ সরকারী মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা।

[ তাঁকে উল্লিখিত আদেশ এর ২০০ (দুইশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো ]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.০৯.০০১.১৬/১৮৭

তারিখঃ ২৬ মে, ২০২০ খ্রিস্টাব্দ।

অনুলিপিঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। প্রেসিডেন্ট, আপীলাত ট্রাইব্যুনাল (কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট), জীবন বীমা টাওয়ার, ১০ দিলকুশা বা/এ, ঢাকা।
- ২-১৩। কমিশনার, শুল্ক, আবগারী ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (উত্তর)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/ চট্টগ্রাম/ কুমিল্লা/ যশোর/ রাজশাহী/ রংপুর/ খুলনা/ সিলেট/ বৃহৎ করদাতা ইউনিট - মুসক, ঢাকা।
- ১৪-১৯। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/ চট্টগ্রাম/ মংলা/ বেনাপোল/ পানগাঁও/ আই.সি.ডি, কমলাপুর।
- ২০-২৬। কমিশনার, শুল্ক, আবগারী ও ভ্যাট (আপীল), চট্টগ্রাম/ ঢাকা-১/ ঢাকা-২/ খুলনা/ শুল্ক মূল্যায়ণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট/ কাস্টমস বন্ড কমিশনারেট ঢাকা/ চট্টগ্রাম।
- ২৭-৩১। মহা-পরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত পরিদপ্তর, ঢাকা/ শুল্ক, রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর (ডেডো), ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্টগ্রাম/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর-মুসক, ঢাকা/ সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৩২। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (পত্রটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে আপলোড করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সভাপতি, এফবিসিসিআই, মতিঝিল, ঢাকা।
- ২-৮। সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন)/ (শুল্ক নীতি)/ (শুল্ক রপ্তানি, বন্ড ও আইটি)/ (শুল্ক নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য)/ (মুসক নীতি)/ (মুসক-বাস্তবায়ন ও আইটি)/ (মুসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৯। প্রকল্প পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প, ১৬০/এ, আইডিইবি ভবন, ৮ম তলা, কাকরাইল, ঢাকা।
- ১০। মহাপরিচালক (গবেষণা ও পরিসংখ্যান), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ১১। জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

*Rahman*

(কাজী রেজাউল হাসান )  
দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)